গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

Bangladesh

তারিখ: ০৪.০৯.২০২২ খ্রি.

২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন মুরারিচাঁদ কলেজ, সিলেট-এ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) কোর্সে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, অনলাইনে প্রাথমিক আবেদন ০৫ সেপ্টেম্বর ২০২২ বিকাল ৪.০০ টা থেকে শুরু হবে। ভর্তি কার্যক্রম নিম্নবর্ণিত যোগ্যতা ও সময় অনুযায়ী সম্পন্ন হবে।

**১। ভর্তির আবেদনের জন্য প্রার্থীর যোগ্যতা ও শর্তাবলী:**

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ সাল ও তৎপরবর্তী সাল সমূহে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে নূন্যতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ সাল ও তৎপরবর্তী সাল সমূহে ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত)/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে নূন্যতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে একবছর মেয়াদী ১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট)/প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

গ) উল্লেখ্য যে, উপরিউক্ত শর্তপূরণ সাপেক্ষে স্নাতক (সম্মান) ও প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত)/পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা শুধুমাত্র তাদের পঠিত বিষয়ে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স নিয়মিত প্রোগ্রামে ভর্তি হতে পারবে না। এ লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো" মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ঙ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভূল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

**২। ভর্তির জন্য প্রার্থীর করণীয়:**

শিক্ষার্থীকে On-line-এ অত্যন্ত সর্তকর্তার সাথে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে।

ক) আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Masters Tab এ গিয়ে Apply Now (Masters Reg.) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে আবেদনকারীর স্নাতক (সম্মান/স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স/প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাসের সন এবং নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল এড্রেস সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

খ) আবেদনকারীকে তথ্য ছকের নির্ধারিত স্থানে সঠিক Gender (Male/Female) এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, Gender ত্রুটির কারণে কোন পুরুষ আবেদনকারী মহিলা কলেজে আবেদন করলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে।

গ) এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তি যোগ্য (Eligible) বিষয় দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাভিত্তিক যে কোন কলেজের নাম Select করলে সংশ্লিষ্ট কলেজে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি যোগ্য বিষয়ের নাম ও আসন দেখতে পাবে। এই তালিকা থেকে আবেদনকারীকে সতর্কতার সংগে তার প্রার্থিত বিষয় নির্ধারণ করতে হবে।

ঘ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য (Ward) কোটায় ভর্তি হতে ইচ্ছুক আবেদনকারীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা নির্ধারণ করতে হবে। কোটার আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ থাকতে

হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। কোটার জন্য সংরক্ষিত আসন বিষয় ভিত্তিক বরাদ্ধকৃত আসনের অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে।

ঙ) অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীকে সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে 120×150 pixels, Image Type: jpg এবং maximum file size: 50kb.

চ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [(A4(8.5´´×11´´)] অফসেট সাদা কাগজে প্রিন্ট (Print) নিতে হবে।

ছ) পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন: আবেদনকারী তার প্রাথমিক আবেদন ফরমটি যাচাই করবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য আবেদনকারীকে Application's Login [Masters (Regular)] অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে Form Cancel/Photo Change অপশনে গিয়ে Click to Generate the Security key অপশনটি ক্লিক করলে তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One time password (OTP) পাবে। এই OTP এন্ট্রি দিয়ে আবেদনকারী তার ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। উল্লেখ্য যে, আবেদনকারী শুধুমাত্র একবারই ফরম বাতিলের সুযোগ পাবে। কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে ঐ আবেদনকারী আর ফরম বাতিল করতে পারবে না।

**জ) প্রিন্ট করা আবেদন ফরমটির নির্ধারিত স্থানে প্রার্থী তারিখসহ স্বাক্ষর দিবে এবং ফরমের উপর ও নীচ উভয় অংশে 'রকেট' (Biller ID:4089) এ টাকা জমাদানের রকেট নম্বর এবং প্রার্থীর নিজের সচল মোবাইল নম্বর লিখতে হবে।**

ঝ) কলেজ ওয়েবসাইটে (www.mccollege.edu.bd) Online Masters Admission-2021 অপশনে ক্লিক করে Start online Admission-এ গিয়ে রকেটে টাকা জমাদানের নম্বর ও ভর্তির রোল নম্বর লিখে Submit button-ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে সঠিকভাবে ভর্তি ফরমের পিন নম্বর, ভর্তি রোল নম্বর, গ্রুপ, মোবাইল নম্বর লিখে ২ এর জ অংশে প্রস্তুতকৃত জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফরমটি স্ক্যান করে আপলোড দিতে হবে।

ঞ) ০৫.০৯.২০২২ থেকে ২০.০৯.২০২২ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত আবেদনকারী অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহ করতে পারবে।

ট) ০৫.০৯.২০২২ থেকে ২০.০৯.২০২২ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত আবেদনকারী নির্ধারিত ফি ৩০০/- (তিনশত) টাকা রকেট এর মাধ্যমে জমা দিতে পারবে। যেকোনো এজেন্ট এর নিকট বা নিজস্ব রকেট একাউন্ট থেকে নির্ধারিত টাকা পরিশোধ করতে হবে।

ঠ) কলেজ ওয়েবসাইটে অনলাইনে প্রাথমিক আবেদন আগামী ০৫.০৯.২০২২ তারিখ থেকে ২০.০৯.২০২২ তারিখ রাত ১২.০০ টার মধ্যে দাখিল করতে হবে।

শিক্ষার্থী কর্তৃক জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে অনলাইনে আবেদনের তারিখ: ০৫.০৯.২০২২ থেকে ২০.০৯.২০২২ তারিখ পর্যন্ত
"রকেট" এর মাধ্যমে টাকা জমাদানের তারিখ: ০৫.০৯.২০২২ থেকে ২০.০৯.২০২২ তারিখ পর্যন্ত
কলেজ ওয়েবসাইটে অনলাইন আবেদনের তারিখ: ০৫.০৯.২০২২ থেকে ২০.০৯.২০২২ তারিখ পর্যন্ত
Rocket Biller ID: 4089

বিদ্রঃ ১. কলেজ ওয়েবসাইটে ফরমটি Submit করার পর কোনভাবেই আর আবেদন ফরম সংশোধন করা যাবে না।

২. ভর্তি আবেদনের নির্ধারিত সময়সীমার শেষ দিকে সার্ভার ব্যস্ত থাকে বিধায় শিক্ষার্থীদের শুরুর দিকে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য পরামর্শ দেওয়া হলো।

৩. আবেদন সংক্রান্ত যে কোন পরামর্শ নেওয়ার জন্য প্রয়োজনে কলেজের তথ্য ও অনুসন্ধান কেন্দ্রে অফিস সময়ের মধ্যে যোগাযোগ করা যেতে পারে।

এছাড়াও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।

অধ্যক্ষ
মুরারিচাঁদ কলেজ, সিলেট
Principal
Murarichand College, Sylhet.